আজকের কাগজ

তারিখ 03 SEP 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# বিভিন্ন সমস্যায় মতলবে প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে

বিভিন্ন সমস্যায় মতলব থানার প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এসব সমস্যার মধ্যে শিক্ষক সমস্যা, শিক্ষাভবনের অভাব, প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষকদের কর্তব্য কাজের অবহেলা অন্যতম। এক পরিসংখ্যানে জানা গেছে মতলব থানার ৩ শ' ৩৯টি গ্রামের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ২শ' ২২টি এরমধ্যে সরকারি ১৮৪টি, রেজিস্ট্রিকৃত ৩১টি ও বেসরকারি ৭টি। স্কুল গমন উপযোগী ৬ থেকে ১০ বছরের শিশুর সংখ্যা ৮২ হাজার। এরমধ্যে স্কুলে যায় এমন শিশুর সংখ্যা ৬১ হাজার। বর্তমানে বিভিন্ন সমস্যার কারণে মতলব থানার ২১ হাজার শিশু কিশোর প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত। বর্তমানে ১শ' ৮৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৯শ' ২০টি শিক্ষকের পদের মধ্যে ১শ' ৫৫টি পদ এবং ৭টি সহকারী শিক্ষা অফিসারের পদ শূন্য রয়েছে। প্রয়োজনীয় ভবনের অভাবে বেশ ক'টি প্রাথমিক বিদ্যালয়ে গাছতলায় ক্লাস নেয়া হচ্ছে। কোনো কোনো স্কুলে প্রয়োজনীয় আসবাবপত্র টেবিল, চেয়ার, ব্লাকবোর্ড ও চক ইত্যাদি না থাকায় বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে। ফলে কোমলমতি শিশুরা শিক্ষার প্রতি অনাগ্রহ হয়ে পড়ছে। মতলব থেকে গোলাম সারওয়ার সেলিম।